গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

**সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের ওয়েবসাইট মনিটরিং সংক্রান্ত কমিটির ১৭তম সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | খলিল আহমেদ<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | ১২ আগস্ট ২০২৫ |
| সভার সময় | সকাল ০৯.০০টা |
| স্থান | কক্ষ নং-৩১৯, ৪র্থ তলা, ভবন নং- ৮, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)-সভার আলোচ্য সূচি অনুযায়ী বিষয়াবলী উপস্থাপন করেন। সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন যে, ১৮ জুন ২০২৫ তারিখে কমিটির ১৬তম সভা অনুষ্ঠিত হয় এবং সভার কার্যবিবরণী ২৬ জুন ২০২৫ তারিখে সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়েছে।

সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

## ১.০ আলোচ্য বিষয়: বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের বিভাগীয় ও জেলা অফিসসমূহের ওয়েবসাইটসমূহ যাচাই-বাছাই।

সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন বিগত সভাসমূহে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ বিভাগীয় ও জেলা অফিসসমূহের তথ্য বাতায়নের উপর পর্যবেক্ষণ প্রদান করা হয়েছে। সভায় তাৎক্ষণিকভাবে বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, চট্টগ্রামের তথ্য বাতায়ন [passport.chittagongdiv.gov.bd] যাচাই-বাছাই করে দেখা যায়, প্রধান মেনুর আওতায় একটি সাবমেনু ফাঁকা অবস্থায় প্রকাশ করা আছে। আভ্যন্তরীণ ই-সেবার আওতায় কোন সেবার লিংক প্রকাশ করা নেই (ই-পাসপোর্ট আবেদনের লিংক প্রকাশ করা যেতে পারে)। আঞ্চলিক পাসপোর্ট অফিস, চাঁদগাঁও, চট্টগ্রামের তথ্য বাতায়নে [passport.chittagong.gov.bd] প্রধান মেনুর আওতায় একটি সাবমেনু ফাঁকা অবস্থায় প্রকাশ করা আছে। অ্যাপস মেইন মেনুর আওতায় বিভিন্ন গুরুত্বপূর্ণ অ্যাপস সাব-মেনুতে কোন তথ্য প্রকাশ করা নেই। সাব-মেনুর আওতায় পত্রিকাসমূহ লিংকে একটি পত্রিকার লিংক প্রকাশ করা আছে। তথ্য প্রদানকারী কর্মকর্তার তালিকায় জনাব শওকতআলী মোল্লা, উপ সহকারী পরিচালকের তথ্য প্রকাশ করা হয়েছে। কিন্তু কর্মকর্তার তালিকায় উক্ত কর্মকর্তার নাম পাওয়া যায়নি। যোগাযোগ মেনুর আওতায় সকল সাব-মেনুর লিংক অকার্যকর। সেবা প্রতিশুতি পূর্ণাঙ্গ ফরমেটে প্রকাশ করা হয়নি। অবিলিকৃত পাসপোর্টের সংখ্যা প্রকাশ করা নেই। আঞ্চলিক পাসপোর্ট অফিস, লক্ষ্মীপুরের তথ্য বাতায়নে [passport.lakshmipur.gov.bd] প্রধান মেনুর আওতায় এক নজরে সাবমেনুতে ই-পাসপোর্ট প্রকল্পের তথ্য উপস্থাপন করা হয়েছে। যোগাযোগ মেনুর আওতায় অনলাইনে যোগাযোগ সাব-মেনুর লিংক অকার্যকার। সিটিজেন চার্টার সঠিক ফরম্যাটে প্রকাশ করা নেই। অবিলিকৃত পাসপোর্টের সংখ্যা প্রকাশ করা নেই। আঞ্চলিক পাসপোর্ট অফিস, ব্রাহ্মণবাড়িয়া তথ্য বাতায়নে [passport.brahmanbaria.gov.bd] প্রধান মেনুর আওতায় দুইটি সাবমেনু ফাঁকা অবস্থায় প্রকাশ করা আছে। আমাদের সম্পর্কে মেইন মেনুর আওতায় কর্মচারীবৃন্দ তালিকার লিংক অকার্যকর। অবিলিকৃত পাসপোর্টের সংখ্যা প্রকাশ করা নেই। সেবাসসূহ সেবা বক্সে সেবাকুঞ্জ লিংকে অফিসের কক্ষ নির্দেশিকা প্রকাশ করা হয়েছে।

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের যে সকল তথ্য বাতায়নের উপর পর্যবেক্ষণ সভায় প্রদান করা হয় সভাপতি তা দ্রুত সময়ের মধ্যে হালনাগাদ করার জন্য পরামর্শ প্রদান করেন।

**১.০ সিদ্ধান্ত:**
ক. সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক ইতিপূর্বে প্রদানকৃত সকল পর্যবেক্ষণ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর দ্রুততম সময়ে হালনাগাদ করবে;
খ. বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং বিভাগীয় অফিস কর্তৃক আঞ্চলিক/জেলা পাসপোর্ট অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণের কার্যক্রম মনিটর করতে হবে;
গ. প্রতি বিভাগীয়/আঞ্চলিক/জেলা পাসপোর্ট অফিসের অবিলিকৃত MRP ও e-Passport এর তথ্য ওয়েবসাইটে প্রকাশ এবং বিলি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

**১.০ বাস্তবায়নকারী:** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

## ২.০ আলোচ্য বিষয়: কারা অধিদপ্তরের কেন্দ্রীয় কারাগারের অফিসসমূহের ওয়েবসাইটসমূহ যাচাই-বাছাই।

সভায় তাৎক্ষণিকভাবে বিশেষ কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ, ঢাকা [splprison.dhaka.gov.bd] ও কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২, গাজীপুরের তথ্য বাতায়ন [prisonkashim2.gazipur.gov.bd] যাচাই-বাছাই করে দেখা যায় বিশেষ কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ, ঢাকার তথ্য বাতায়নে প্রধান মেনুর আওতায় অনেক সার-মেনুর তথ্য আপলোড করা নেই। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত আপীল কর্মকর্তার তথ্য প্রকাশ করা নেই। নোটিশ বোর্ডে এবং খবর অংশে কোন তথ্য প্রকাশ করা নেই। সিটিজেন চার্টার প্রকাশ করা নেই। কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ গাজীপুরের তথ্য বাতায়নে জাতীয় শুদ্ধাচার কৌশল কার্যক্রম সংক্রান্ত বিকল্প কর্মকর্তার তথ্য প্রকাশ করা নেই।

**২.০ সিদ্ধান্ত:**
ক. সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রদত্ত পর্যবেক্ষণসমূহ সংশ্লিষ্ট অফিসের তথ্য বাতায়নে দ্রুত হালনাগাদ করতে হবে;
খ. নতুন কোন অফিসের তথ্য বাতায়ন চালু করা হলে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় তথ্যাদি প্রকাশ করতে হবে।

**২.০ বাস্তবায়নকারী:** কারা অধিদপ্তর

## ৩.০ আলোচ্য বিষয়: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা অফিসসমূহের ওয়েবসাইটসমূহ যাচাই-বাছাই।

সভায় সুরক্ষা সেবা বিভাগের সহকারী প্রোগ্রামার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আঞ্চলিক অফিস চাঁপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ, মানিকগঞ্জ ও মৌলভীবাজারের তথ্য বাতায়ন যাচাই-বাছাইপূর্বক কিছু পর্যবেক্ষণ উপস্থাপন করেন। আঞ্চলিক অফিস, চাঁপাইনবাবগঞ্জ জেলার তথ্য বাতায়নে [dnc.chapainawabganj.gov.bd] সেবা প্রদান প্রতিশ্রুতির শেষ অংশ অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তার স্পষ্ট তথ্য প্রকাশ করা নেই। আঞ্চলিক অফিস, সিরাজগঞ্জ জেলার তথ্য বাতায়নে [dnc.chapainawabganj.gov.bd] সেবা প্রদান প্রতিশ্রুতির প্রথম অংশ ভঙ্গুরভাবে প্রকাশ করা হয়েছে। আঞ্চলিক অফিস, মানিকগঞ্জ জেলার তথ্য বাতায়নে [dnc.manikganj.gov.bd] কর্মকর্তা-কর্মচারীর তালিকায় জি-মেইল প্রকাশ করা হয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনায় বিকল্প কর্মকর্তার তথ্য প্রকাশ করা নেই। তথ্য অধিকার সংক্রান্ত সেবা বক্সে আপীল কর্মকর্তার তথ্য প্রকাশ করা নেই। আঞ্চলিক অফিস, মৌলভীবাজার জেলার তথ্য বাতায়নে [dnc.moulvibazar.gov.bd] কর্মকর্তার তালিকায় জি-মেইল প্রকাশ করা হয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনায় অনিক ও বিকল্প কর্মকর্তার তথ্য প্রকাশ করা নেই। তথ্য অধিকার সংক্রান্ত সেবা বক্সে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্মকর্তার তথ্য প্রকাশ করা নেই। সভাপতি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা অফিসসমূহের তথ্য বাতায়নে মাসিকভিত্তিতে উদ্ধারকৃত মাদকের পরিমাণ এবং দায়েরকৃত মামলার সংখ্যা

নিয়মিত প্রকাশের জন্য মতামত প্রকাশ করেন।

**৩.০ সিদ্ধান্ত:**

ক. সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রদত্ত পর্যবেক্ষণসমূহ সংশ্লিষ্ট অফিসের তথ্য বাতায়নে দ্রুত হালনাগাদ করতে হবে;

খ. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা অফিসসমূহের তথ্য বাতায়নে মাসিকভিত্তিতে উদ্ধারকৃত মাদকের পরিমাণ এবং দায়েরকৃত মামলার সংখ্যা নিয়মিত প্রকাশ করতে হবে;

গ. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং বিভাগীয় অফিস কর্তৃক জেলা অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণের কার্যক্রম মনিটর করতে হবে।

**৩.০ বাস্তবায়নকারী:** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

## ৪.০ আলোচ্য বিষয়: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভাগীয় ও জেলা অফিসসমূহের ওয়েবসাইটসমূহ যাচাই-বাছাই।

সহকারী প্রোগ্রামার সভায় অবহিত করেন জেলা অফিস শেরপুরের তথ্য বাতায়নে [fireservice.sherpur.gov.bd] তথ্য অধিকার সংক্রান্ত সেবা বক্সে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ পাতায় অনাকাঙ্খিত কিছু চিহ্ন প্রকাশ করা আছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অন্যান্য অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদ রয়েছে এবং উল্লেখযোগ্য কোনো পর্যবেক্ষণ নেই।

**৪.০ সিদ্ধান্ত:**

প্রযোজ্য ক্ষেত্রে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিসের তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রম চলমান থাকবে।

**৪.০ বাস্তবায়নকারী:** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

## ৫.০ আলোচ্য বিষয়: বিবিধ।

সভাপতি সকল অফিসের কার্যক্রম স্বচ্ছতার সাথে সম্পন্ন এবং হয়রানি মুক্ত নাগরিক সেবা প্রদানের জন্য নতুন প্রযুক্তির ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন। নতুন প্রযুক্তি গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট সকলের মানসিক প্রস্তুতির বিষয়ে সভায় আলোচনা হয়। অধিদপ্তরসমূহের ওয়েবসাইট হালনাগাদ কার্যক্রম মনিটরিং আরোও গতিশীল করার জন্য স্ব স্ব অফিস কর্তৃক মাসিক সভা, জেলা পরিদর্শন কার্যক্রমে ওয়েবসাইট হালনাগাদ/মনিটরিং এর বিষয় অন্তর্ভূক্ত করার জন্য সভায় আলোচনা করা হয়।

**৫.০ সিদ্ধান্ত:**

ক. অফিসের কার্যক্রম স্বচ্ছতার সাথে সম্পন্ন এবং হয়রানি মুক্ত নাগরিক সেবা প্রদানের জন্য নতুন প্রযুক্তির ব্যবহারের উপর গুরুত্ব প্রদান করতে হবে;

খ. অধিদপ্তরসমূহের ওয়েবসাইট হালনাগাদ কার্যক্রম মনিটরিং আরোও গতিশীল করার জন্য স্ব স্ব অফিস কর্তৃক মাসিক সভা, জেলা পরিদর্শন কার্যক্রমে ওয়েবসাইট হালনাগাদ/মনিটরিং এর বিষয় অন্তর্ভূক্ত করবে।

**৫.০ বাস্তবায়নকারী:** সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১-০৮-২০২৫
খলিল আহমেদ
যুগ্মসচিব

নম্বর: ৫৮.০০.০০০০.০০০.০১৮.৩১.০০০৩.১৭.৮৯

তারিখ: ৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২। অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। উপসচিব, প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ।
৪। উপসচিব, বাজেট-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, সুরক্ষা সেবা বিভাগ।
৬। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ।
৭। সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২১-০৮-২০২৫
মোঃ আইয়ুব হোসেন
সিস্টেম এনালিস্ট